জনসংযোগ পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
প্রশিক্ষণ একাডেমি ভবন (৩য় তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
টেলিফোন: ০২-৮৯০০৩১৭
ই-মেইল: prdreb@gmail.com

ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

**বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড**
**BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD**

স্মারক নং- ২৭.১২.০০০০.০২১.৭২.১৭১.২৩.১১৩৭

তারিখ: ০৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ। / ২০ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ।

**বিষয়: বাপবিবো, পবিস এবং গ্রাহক প্রতিনিধির সঙ্গে তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত ভার্চুয়াল সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| মুখ্য আলোচক | : | পরিচালক, জনসংযোগ পরিদপ্তর |
| সভার তারিখ ও সময় | : | ১৬/০৩/২০২৩ খ্রি. বেলা ১১:০০ ঘটিকা |
| সভার ধরন | : | ভার্চুয়াল প্লাটফর্ম |
| সভার স্থান | : | অংশগ্রহণকারীগণের স্ব-স্ব অবস্থান |
| উপস্থিতি | : | ক. বাপবিবো'র সকল পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>খ. উপ-পরিচালক/নির্বাহী প্রকৌশলী<br>গ. সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার<br>ঘ. সমিতির তথ্য প্রদানকারী কর্মকর্তা, সকল পবিস এবং<br>ঙ. পবিস এর গ্রাহক (প্রতিটি পবিস থেকে নির্বাচিত কমপক্ষে ০২ জন গ্রাহক) |

সভায় মুখ্য আলোচক পরিচালক, জনসংযোগ পরিদপ্তরের সম্মতিক্রমে বাপবিবো'র তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য-সচিব ও উপ-পরিচালক, জনসংযোগ পরিদপ্তর জনাব মোঃ সাদ্দাম হোসেন ভার্চুয়াল সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে অন্তর্ভুক্ত তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ এর কার্যক্রম নং-১.৫ এ বর্ণিত তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ এর লক্ষ্যে সভা, সেমিনার, কর্মশালা আয়োজন ও প্রচারপত্র বিলি করার বিধান থাকায় তৃতীয় প্রান্তিকে এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর বিধি বিধান বিষয়ে বাপবিবো'র তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির আহবায়ক ও পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, স্বাগত বক্তব্য প্রদান করেন।

০২। বিভিন্ন পবিস এর গ্রাহকদের মধ্য থেকে নির্বাচিত কয়েকজন গ্রাহক যেমন-ময়মনসিংহ পবিস-২ এর আবাসিক গ্রাহক জনাব আবদুল আউয়াল, মানিকগঞ্জ পবিস এর আবাসিক ও সেচ গ্রাহক জনাব মুন্নাফ হোসেন, যশোর পবিস-১ এর বাণিজ্যিক গ্রাহক জনাব গোলাম মোস্তফা তথ্য অধিকার বিষয়ে মতামত ব্যক্ত করতে গিয়ে বলেন তারা পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতির সেবা গ্রহণ করে সন্তুষ্ট। তাদের যাচিত তথ্য প্রদানে পবিস এর কর্মকর্তা/কর্মচারীগণ সদয় সচেষ্ট থাকেন। কখনো কোন সমস্যার সম্মুখীন হলে পবিসে জানানো মাত্রই সমাধান পেয়ে থাকেন। বিশেষ করে দুর্গম এলাকার লোকজন বিদ্যুৎ সেবা পেয়ে সন্তুষ্ট।

০৩। আলোচনায় তথ্য অধিকার বিষয়ে জনসংযোগ পরিদপ্তরের উপ-পরিচালক জনাব জনাব মোঃ সাদ্দাম হোসেন 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর বিষয়ে বলেন, তথ্যের অধিকার সর্বজনীন অধিকার। তবে এ অধিকার পাওয়ার জন্য তথ্য অধিকার আইন ও বিধি বিধান যথাযথভাবে জানতে হবে। তথ্য অধিকার সহজবোধ্য করার জন্য প্রতিটা সরকারি অফিসের ওয়েবসাইট আপডেট থাকাসহ সেখানে সিটিজেন চার্টার আপলোড করতে হবে। বাপবিবো/পবিস যেহেতু গ্রাহক বান্ধব সেবা দিয়ে থাকে, সেহেতু সেবা প্রদানে আন্তরিক থাকতে হবে। গ্রাহকগণেরও তথ্যের আইনগত অধিকার সম্পর্কে অবগত থাকতে হবে।

অতএব, তথ্যের অধিকার নিশ্চিত করার মাধ্যমে সকলকে তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির আহ্বান জানিয়ে তাঁর বক্তব্য শেষ করেন।

০৪। আলোচনায় তথ্য অধিকার বিষয়ে সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পবিস-৩ তাঁর বক্তব্যের শুরুতে বলেন, সরকারি অফিসসমূহে স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করার নিমিত্ত এবং 'তথ্য অধিকার আইন, ২০০৯' বাস্তবায়নে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার বিষয়ে পরিকল্পনায় ০৬টি কার্যক্রম ও সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক নির্ধারণ করা হয়েছে। তথ্যের অবাধ প্রবাহ এবং জনগনের তথ্য অধিকার নিশ্চিতকরনের লক্ষ্যে প্রনীত 'তথ্য অধিকার আইন, ২০০৯' ধনী-দরিদ্র নির্বিশেষে সর্বস্তরের মানুষের অধিকার নিশ্চিত করে, জনগনকে সব কাজে অংশগ্রহনের অধিকার দেয়, উন্নয়নের মূল স্রোতধারায় নিয়ে আসে। এই আইনটি মহান মুক্তিযুদ্ধের ও সংবিধানের মূল চেতনারই প্রতিফলন, যা অনুসরণ করে জনসেবা প্রদান নিশ্চিত করা খুবই গুরুত্বপূর্ণ এবং সেবা পাওয়ার জন্য প্রয়োজন অফিসের কার্যাবলী সম্পর্কে জানা। তথ্য অধিকার আইন সাধারণত জনগণের তথ্য পাওয়ার স্বাধীনতা সংক্রান্ত আইন নামে পরিচিত। বাংলাদেশের সংবিধানে তথ্য অধিকারের স্বীকৃতি যথা- চিন্তা ও বিবেকের স্বাধীনতা, বাকস্বাধীনতা এবং গণমাধ্যমের স্বাধীনতা বিদ্যমান। বাংলাদেশে আইন প্রণয়নের ইতিহাসে তথ্য অধিকার আইন প্রণয়ন একটি অনন্য ঘটনা।

০৫। আলোচনায় তথ্য অধিকার বিষয়ে সিনিয়র জেনারেল ম্যানেজার, রংপুর পবিস-১ বলেন, তথ্য অধিকার আইনের আওতায় গঠিত তথ্য কমিশনের গঠন, ক্ষমতা এবং গুরুত্ব নিয়ে আলোচনায় জানান যে তথ্য প্রবাহ নাগরিকের চিন্তা, বিবেক প্রসারিত করে এবং একটি প্রতিষ্ঠানের স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধি করে । তথ্য কমিশন মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক গঠিত একটি সংবিধিবদ্ধ, স্বাধীন এবং স্থায়ী সংস্থা। Code of Civil Procedure,1908 (Act-V-of 1908) এর ক্ষমতা বলে একটি দেওয়ানী আদালত যে ক্ষমতা প্রয়োগ করতে পারে তথ্য কমিশন সেই একই ক্ষমতা প্রয়োগের অধিকারী হবেন। তথ্য কমিশনের নির্দেশনা অবশ্যই পালনীয় এবং আইনানুযায়ী সকল প্রতিষ্ঠানের জন্য বাধ্যতামূলক। এছাড়াও পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম সরকারের একটি অগ্রাধিকারপ্রাপ্ত বৃহৎ প্রকল্প হিসেবে স্বচ্ছতা জবাবদিহিতা, দুর্নীতি হ্রাস, উন্নয়ন এবং গ্রাহক সেবার স্বার্থে তথ্য আইন অনুযায়ী কাজ করার অঙ্গীকার জানিয়ে তাঁর বক্তব্য সমাপ্ত করেন।

০৬। সভায় মুখ্য আলোচক পরিচালক, জনসংযোগ পরিদপ্তর বলেন যে, সুনাগরিক হিসেবে দেশের আইন কানুন সম্পর্কে জানতে হবে। বাপবিবো/পবিস যেহেতু গ্রাহক নির্ভর সেবা দিয়ে থাকে সেহেতু আমাদের এই আইন ভালোভাবে জানা উচিত। তিনি বক্তব্যে আরও উল্লেখ করেন, যেসব তথ্য প্রকাশ/প্রদানযোগ্য তা 'তথ্য অধিকার আইন, ২০০৯' এ সুস্পষ্টভাবে উল্লেখ করা আছে। এছাড়াও, সেচ সংযোগের বিষয়ে সেচ গ্রাহকদের প্রয়োজনীয় তথ্য সরবরাহের মাধ্যমে গ্রাহক পর্যায়ে সেবা সহজীকরণের জন্য তিনি পবিসসমূহকে আহ্বান জানান। পরিশেষে তিনি 'তথ্য অধিকার আইন, ২০০৯' সঠিকভাবে বাস্তবায়ন, গ্রাহক সেবার মান বৃদ্ধি ও জনগণের স্বার্থ নিশ্চিত করার আহবান জানিয়ে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/০৩/২০২৩

(মোঃ আবুল হোসেন)
পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। নির্বাহী পরিচালক/ নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ বাস্তবায়ন কমিটি, বাপবিবো। /প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ), বাপবিবো।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য. প. (কে.অ./উ.অ./দ.অ./পূ.অ./প.অ.) পরিদপ্তর, বাপবিবো।
০৩। সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস/বিভাগ প্রধান, বাপবিবো।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো **(ওয়েবসাইট এ আপলোড করার অনুরোধসহ)**।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো।
০৭। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/বিতরণ ও পরিচালন/ সমিতি ব্যবস্থাপনা) বাপবিবো।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনার্জি অডিট এন্ড ট্যারিফ-এর কার্যালয়, বাপবিবো।